# উপদেষ্টা মাহফুজের বাবা আজিজুর রহমান বাচ্চু ইছাপুর ইউনিয়ন বিএনপির সম্পাদক নির্বাচিত



সংগৃহীত ছবি

লক্ষ্মীপুরের রামগঞ্জে অনুষ্ঠিত ভোটে অন্তর্বর্তী সরকারের তথ্য উপদেষ্টা মাহফুজ আলমের বাবা আজিজুর রহমান বাচ্চু ইছাপুর ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন। সভাপতি পদে জয়ী হয়েছেন মো. অলি উল্যা।

লক্ষ্মীপুরের রামগঞ্জ উপজেলার ইছাপুর ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক পদে নির্বাচিত হয়েছেন অন্তর্বর্তী সরকারের তথ্য উপদেষ্টা মাহফুজ আলমের বাবা আজিজুর রহমান বাচ্চু। বৃহস্পতিবার (২১ আগস্ট) বিকেলে ইছাপুর ইউনিয়নের শ্রীরামপুর উচ্চ বিদ্যালয়ে ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়।

বিএনপি সদস্যদের সরাসরি ভোটে আজিজুর রহমান বাচ্চু মোরগ প্রতীকে ২৬৬ ভোট পেয়ে নির্বাচিত হন। একই নির্বাচনে সভাপতি পদে ছাতা প্রতীকে ২৫৫ ভোট পেয়ে মো. অলি উল্যা জয়ী হন।

এর আগে আজিজুর রহমান ইছাপুর ইউনিয়ন বিএনপির সহ-সভাপতি হিসেবে দায়িত্ব পালন করছিলেন।

প্রতিনিধি নির্বাচন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএনপির যুগ্ম মহাসচিব শহীদ উদ্দীন চৌধুরী এ্যানি। এছাড়া জেলা বিএনপির সদস্য সচিব সাহাব উদ্দিন সাবু, যুগ্ম আহ্বায়ক অ্যাডভোকেট হাসিবুর রহমানসহ স্থানীয় নেতাকর্মীরাও অংশ নেন।

LENS ASIA